



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০২/০৪/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২ মেধাবী শিক্ষার্থীকে ‘জেবুন্নেছা স্কলার’ ও ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রদান

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২ মেধাবী শিক্ষার্থীকে ‘জেবুন্নেছা স্কলার’ ও ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রদান করা হয়েছে। অদ্য ০২ এপ্রিল ২০১৮ তারিখ অপরাহ্নে মাননীয় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে বৃত্তি প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থী জেবুন্নাহার এবং অর্থনীতি বিভাগের স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থী বিধান চন্দ্র দাস এর হাতে বৃত্তির ৬,০০০ টাকা করে মোট ১২,০০০ টাকার চেক তুলে দেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এসময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, পরিচালক (ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্র), পরিচালক (অর্থ ও হিসাব), সহকারী রেজিস্ট্রার (একাডেমিক শাখা) প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুবউল্লাহ জনকল্যান ট্রাস্টের পক্ষে ট্রাস্টি বোর্ডের অন্যতম ডোনার মেম্বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-চ্যান্সেলর ড. কাজী শহীদুল্লাহ’র উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীদের জন্য ‘জেবুন্নেছা স্কলার’ এবং ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রবর্তনে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছিলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস